একবারই পুরো জনমের ইতিহাসে শ্রাবণ শেষে ফাগুন এল।
একবারই সব ফুলের সাথে ঘোলা জলের দেখা হল।
অন্ধকারে একবারই কেউ বিনা আগুনে জ্বলেছিল।

শরীর পোড়া হলদে গন্ধ নিয়ে সেই প্রথম, সেই শেষ!
এরপর তুমি চলে গেলে, আমি ছায়ার সুরে
ফিরে এসে দেখি সমস্ত স্রাণ ভুলে ফেলে গেছ ঘরে।
আর যতক্ষণ শরীরে মিলেছে শরীর, ভেসে ভেসে
সব ছবি ছাই হয়ে আছে।

জলে একবারই কেবল ফুল ছিল, তুমি ছিলে, হলদে রঙের গন্ধ ছিল।
বহুকালের দিনের পরে একবারই খুব সন্ধ্যা হল।

আমাদের হাজার ইতিহাসের এই একটা কেবল বলার মতোন।

দুঃখিত

মুশফিক শুভ

শুনেছি তোমার শহরে চার দেয়ালের বন্ধ পরিসরে
সুদীর্ঘ নদীর মুক্ত শ্রোতের কল কল ধ্বনি শোনা যায়,
দেয়ালের বুকে শিল্পের পরশে আঁকা রংধনু নাকি
তোমার ব্যথিত সাদাকালো প্রাণে আনন্দ রঙ ছড়ায়।

আজ তারই ভিড়ে সহস্র আঁধার ঘেরা একাকীত্ব মুক্তি দিয়ে
তোমায় পেয়েছি পাশে বিজ্ঞানের কল্যাণে,
এই আনন্দে পাহাড়ে বেড়াতে যেতে মন কাঁদে?
তার কি দরকার,
চল না ঘুরে আসি মহাকাশের ওপারে।

ক্রান্ত সফরে দীর্ঘ পথ পাড়ি দিয়ে সমুদ্রস্নানে যাবে?
তুমি যদি বল,
তাকেই নিমন্ত্রণ করে আসি তোমার সম্মানে।

দুর্লভ কালো গোলাপের সুবাস নিতে স্বাদ জাগে?
তুমি যদি চাও, এনে দিতে পারি তাও
আর্টিফিশিয়াল ব্ল্যাক রোজে পারফিউম ছড়িয়ে।

তবু তুমি আমাকেই চাও?
দুঃখিত,
আমি সকল কৃত্রিমতা বর্জিত।

পাপ

কাজী ঐশী

আমার বড় পাপ জমেছে, পুঞ্জীভূত পাপ —
তোমার আঙুল ছুঁলেই যেন সহস্র উত্তাপ ...
অমন তোমার চিবুক ঘেঁষা কালো তিলের ফুল
কেন্দ্র করে করেছিলাম বৃত্ত আঁকার ভুল!
ভ্রমশিমা তীক্ষ্ণ ছুরি, বিষম তবু ফাঁদ
এক পা বেড়েই পায়ের তলে অতল গভীর খাদ ।
ঠোঁটের তলে তরল আবেগ, নেশার পরত গাঢ়
আকর্ষণ এই পাপ-পিপাসা, জমাট হাহাকারও ।
রক্ত জুড়ে শব্দ তোলে তোমার অভিশাপ,
আমার বড় পাপ জমেছে, আমার বড় পাপ!

প্রায়শ্চিত্ত

ফয়েজ আহাম্মেদ

পাপে পূর্ণ হয়ে গেলে, শহরে মড়ক আসে
মাতৃস্তন শুকিয়ে যায়,
নির্বিচারে হত্যা করা হয় শিশু।
নির্বাচিত সরকার হয় কর্মহীন,
বিরোধী দল কমেডিয়ান।

পাপে পূর্ণ হয়ে গেলে, শহরে দুর্ভিক্ষ লাগে
মায়ের ঘুমপাড়ানি গান খেমে যায়।
সেনাপতির কাছে ধর্ষণের উৎসব
মনে হয় নিছক দুষ্টামি।
নদীর বুকে চর পড়ে মুহূর্তে!

পাপে পূর্ণ হয়ে গেলে, শহরে বান ডাকে
বুদ্ধিজীবীরা নির্বোধের মতো,
রাজনীতিবিদদের বশ্যতা স্বীকার করে।
ভুখা পেটেও, তৃপ্তির ঢেকুর তোলে জনতা,
দারিদ্র্য বেঁচে থাকে উপহাস হয়ে।

পাপে পূর্ণ হয়ে গেলে, শহরে শৈত্য প্রবাহ বয়
কবির কলম আর বৃষ্টি ঝারায় না।
প্রচণ্ড ক্ষোভে কবি রাস্তায় নামে,
স্লোগানের সুরে বলে ওঠে
'আর একটি শব্দও লিখব না'।

কিছু কথা জানাবার দরকার ছিলো

রাকিবুল হায়দার

পারমিতা, তোমাকে নতুন করে আর কি বলার থাকতে পারে।
শুধু বয়সটা বেড়েছে এই কথাটুকুই জানাবার ছিলো,
স্মৃতির কোষগুলো বাতাসে মৃত গোলাপের পাপড়ির মতো ঝরে পড়ে,
ছড়িয়ে-ছিটিয়ে যায় শহরের কতশত ধুলোমাখা রাস্তায়।
সেদিন সন্ধ্যায় কফির কাপে শেষ চুমুটাই মনে আছে আমার,
বাকি সব ধোঁয়াটে বিবশ এক বিস্মৃতির অন্তরালে হারিয়েছে।
তোমার আঙ্গুলে ঝলমল করে উঠেছিলো যে অঙ্গুরী,
তার ভাঁজে লেখা ছিলো আমার মৃত্যু পরোয়ানা।

পারমিতা, সেদিন সন্ধ্যায় আমার অস্বাভাবিকভাবে খুব স্বাভাবিক থাকা,
প্রতিদিনের অভ্যাসে তোমাকে রিকশার দরদামে জিতিয়ে দেওয়া,
তোমার চলে যাওয়ার রাস্তায় নিষ্পলক তাকিয়ে থাকা পর্যন্ত, তুমি জানো।
বাকিটুকু জানতে পারেনি অথবা কেউ তোমাকে জানায়নি,
সেদিন সন্ধ্যার ফুটপাথ হাতড়ে এখনো তুমি কিছু জলকণা খুঁজে পাবে,
এতগুলো দিনের পরেও, সেই সমুদ্র শুকায়নি কোথাও।

পারমিতা, তুমি দাবি করছো এই আমি বেঁচে আছি এখনো,
আমাকে মাঝরাতে শহরের রাস্তায় হেঁটে যেতে দেখেছে নৈশপ্রহরী,
খন্দের ভেবে এগিয়ে এসেছে কতশত নিশিবালিকা,
জানি, আমার সব খবরই তুমি রাখতে,
ইথারে লুকানো ছিলো, তোমার গুপ্তচর!
সবই ঠিক আছে, ওরা মিথ্যে বলেনি একবিন্দু,
শুধু যে সত্যটুকু তোমাকে জানায়নি ওরা,
তা হলো, ঐ সন্ধ্যার পর আমি আর কোনদিন বাড়ি ফিরিনি।

স্বপ্ন বাঁচানো ন্যাপথলিন

হোমায়রা হা-মীম

কিছুই হারাবার থাকে না আর
যখন স্বপ্ন হারিয়ে যায়,
অঘটনে সন্ত্রম হারিয়ে গেলেও
নিজেকে প্রবোধ দেয়া যায়।
“ওটা অঘটন ছিল একটা!”
নতুন করে প্রতিবাদী হওয়ার
অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়াবার
স্বপ্ন চোখে আঁকা যায়।

প্রাণির ধর্ষণ তবু সহ্য করা যায়,
বাহ্যিক ভেবে নিয়ে বহু কষ্টেও উপেক্ষা করা যায়।
কিন্তু প্রকৃতি,
সে তো ধর্ষণ করে আত্মাকে।
অন্তরের জ্বলন্ত আগুন থাকে না আর
ভিজে ড্যাম হয়ে যাওয়া কয়লা থাকে।

শরীরে কষ্ট পেলে তবু চোখে মেঘ ভর করে
ফোঁটায় ফোঁটায় বারে পড়ে নিঃশেষ হয়।
ইচ্ছেশক্তি মরে গেলে মানবাত্মায় মেঘ ভর করে
কালো হয়ে যাওয়া অন্তর বড্ড উদ্বায়ী হয়।
জল বারে না ওই মেঘে,
অদৃশ্য বাষ্প বের হয় কেবল,
উত্তাপহীন ঠাণ্ডা বাষ্প।

ন্যাপথলিন চাই,
স্বপ্ন বাঁচিয়ে রাখার ন্যাপথলিন।
প্রত্যাশা আর অদৃষ্ট নামের পোকামাকড়,
যাক সব ধ্বংস হয়ে।
আমার ইচ্ছেটা বেঁচে থাক।
আমিও একটু বাঁচি।

প্রত্যাখ্যানের চিঠি

হিমেল হাসান বৈরাগী

প্রত্যাখ্যানের চিঠিটা আজ পেয়েছি
শুভশ্রী লিখেছে — তোমাকে দিয়ে সন্তান উৎপাদন সম্ভব,
সন্তানের মুখে ভাত তুলে দেয়ার সামর্থ্য তোমার নেই।
তুমি বরং কাগজের জরায়ু পোষো।
শুভশ্রী আমার স্ত্রী, শুভশ্রীর বাবা আমার বাবার বন্ধু।
আমি তখন স্নাতক প্রথম বর্ষের ছাত্র
সময়টা উনিশ'শ তেয়াত্তর ইংরেজি
স্কুল মাস্টার বাবা একাত্তরের পর আর বাড়ি ফিরেনি।
মা এখনো বাড়িতেই আছে,
পারিবারিক গোরস্থান থেকে মাঝে মাঝে ডাক শুনতে পাই 'এই কালু কই গেলি!'
সময়টা উনিশ'শ তেয়াত্তর ইংরেজি
নেত্রকোনা শহরে সেবারই প্রথম
জয়ন্তলালের বাসায় লজিং হিসেবে থাকতে শুরু করি
আমার কাজ ছিলো শুভশ্রীকে পড়ানো ও তার ব্যবসার টুকটাক হিসেব রাখা।
অংকে ভালো ছাত্র হওয়ায় হিসেবে নিখুঁত ছিলাম।
জয়ন্তলালকে পাই পাই হিসেব বুঝাতে পারলেও শুভশ্রীকে কোনদিন পারিনি।
জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংকে হিসেব মিলাতে পারিনি।
সময়টা উনিশ'শ পঁচাত্তর ইংরেজি
ভালোবেসে শুভশ্রীকে নিয়ে পালিয়ে গেলাম।
ঢাকায় এক পত্রিকা অফিসে বড় ভাই মারফত কাজ নিলাম, একশ পঞ্চাশ টাকা বেতন।
মগবাজারের ঘিনঘিনে বস্তিতে থাকি, সারাদিন খাটাখাটনির পর ঘরে ফিরে
শুভশ্রীর মুখের দিকে তাকালে মনে হতো
পৃথিবীর সমস্ত আলো ফিনকি দিয়ে পড়ছে আমার দরজায়।
সময়টা উনিশ'শ ছিয়াত্তর ইংরেজি
বিয়ের প্রথম বার্ষিকীতে শুভশ্রীকে লাল রঙের একটা শাড়ি কিনে দিলাম।
এরপর একটি মেয়ে সন্তান ছাড়া শুভশ্রীকে আর কোনদিন কিছু দিতে পারিনি।
সংসারের খরচ বাড়তে থাকে
শুভশ্রীর চাওয়া-পাওয়াও বাড়তে থাকে দিনে দিনে
আমার মাইনে বাড়েনি এক টাকাও।
ঘরে ফিরলেই হারিকেনের আলো নিভিয়ে শুয়ে পড়ি
শুভশ্রীকে চুমু খেতে ইচ্ছে করে না, ঠোঁট বাড়ালেই ঠোঁটের উপর কয়েক হাজার দাবি।
আমি টের পাই, বুকের আলো নিভে যাচ্ছে
শিশুর মুখ থেকে বেরুচ্ছে দুর্গন্ধ, আমি ঘুমাতে পারি না।

আমি প্রায়ই শুভশ্রীর শরীর থেকে অন্য পুরুষের গন্ধ পেতাম ।
শুধু মেয়েটার দিকে তাকিয়ে কিচ্ছু বলিনি ।
অনেক চেয়েছিলাম হিসেবটা চুকিয়ে নেবো
তার আগেই শুভশ্রী পালিয়েছে
আরো ভালো ভাত-কাপড়ের মালিকের সাথে ।
সময়টা উনিশ'শ ছিয়াত্তরের নভেম্বর
প্রত্যাখ্যানের চিঠিটা আমি পেয়েছি ।

নেশাতুর ...

নিশাত নায়লা নিলিমা

কত

সুবাস মুখর দিন কাটে তোর; গান, রং আর স্বপ্নে বিভোর,
তবু দিন পেরিয়ে রাত ঘনালে আমাকেই তো চাইবি ...
আর আরেকটি বার স্রাণ নিতে ফের আমাতেই মুখ গুঁজবি!

যতই

তপ্ত উষর তৃষ্ণার্ত থাকিস, হন্যে হয়ে সাগর সেচিস,
মত্ত জলে উন্মাতালে তপন দহন ভুলবি ...
তবু এক-আধ ফোঁটা জলের আশায় আমার পানেই ছুটবি!

তুই

ভাঙতে পারিস, গড়তে পারিস, দামাল হয়ে লড়তে পারিস,
অনল ক্রোধে অমল প্রেমে মুখ ফিরিয়েও থাকতে পারিস ...
তবু পাগলরে তুই রাগ ফুরালে আমার কাছেই আসবি!

যখন

নিকোটিনের ঝাঁঝ ফুরাবে, ছাই হয়ে সব পথ জুড়াবে,
রসদ শেষে ক্লান্ত কাতর দিশেহারা হয়ে ঘুরবি ...
ফের মাদক মোহন স্বাদ পেতে তো এই অধরই খুঁজবি।

বাপ্পায়ন

বাবুল হোসেইন

বোতলে রেখেছি ধরে শিশিরের ফোঁটা
সমুদ্র থেকে এনেছিল বনের সর
যেকোনো শীতেই আমরা যতিপ্রাপ্ত হই
বাপ্পায়ন শিখে —
সমুদ্রকে ফিরিয়ে দেই লবণের দিন
আর শিশিরের বোতলে উজ্জ্বল রাত্রি
নাজুক হয়ে ওঠে ।

তুমি এতো সুবলা কবে ছিলে

মো: আরিফুর রাহমান

তোমার ওই নম্র বাহুতে আমি তার নগ্ন চিৎকার শুনতে পাই,
নগ্ন হাওয়ায় আজ লাজ-লজ্জার বালাই নেই।
তোমার ওই আলতো কেশ আর
কানের ফাঁকের ওই বকুল ফুলের গন্ধ
আজ আমার আঙুলের ফাঁকে খুনসুটি খেলে,
তুমি এতো সুবলা কবে ছিলে!

তোমার ওই আলতো শরীরে আজ আমার হাত শিউরে ওঠে,
চেয়ে দেখি বকুল ফুলগুলো নিচে পড়ে আছে!
তবে খানিক লজ্জা রেখে গেছে।
আমি পাগলের মত শূঁকে শূঁকে গন্ধ নেই,
ঠোঁট ভিজিয়ে আদর চুরি করি, আর
কামড়ে কামড়ে চিৎকার করি,
তুমি এতো সুবলা কবে ছিলে!

সেদিন ছিলো না আলো, ছিলো না এক সুতো বাঁধা, আর
আমি ছিলাম তোমার থেকেও গভীরে;
রক্ত আজ খুব বেশি গরম হয়ে গেছে তাই,
ওই বকুল ফুলের গন্ধে আমি পেশাদার প্রেমিকের মতো চিৎকার করে যাই,
তুমি এতো সুবলা কবে ছিলে!

আজ ভুল করে তোমার ঠোঁট কামড়ে ধরি,
দেহের মাঝের সুখ কামড়ে ধরি, আর
শেষে ওই নগ্ন চিৎকার শুনতে পাই,
তুমি এত সুবলা কবে ছিলে!

রূপান্তরের গল্প

ফারিহা নোশীন বর্গী

ভোরের ডাক শুনতে পাই গত কদিন ধরে —
অথচ আমি বরাবরই ছিলাম রাতজাগা পাখি।
শান্ত নির্জন আকাশে দেখি সাদাটে আলো খেলা করে;
হলদে পাতাগুলোয় তখন আমি কোমল আদর মাখি।

এই সময়টা বড় বেশি নির্মল লাগে,
সবচেয়ে কঠিন পাপীকেও মুহূর্তের তরে
ক্ষমা করে দিতে মন চায়,
পরমুহূর্তেই তখন মনে পড়ে যায়
ইতিহাসের তীব্র যন্ত্রণা —
দিন বাড়ার সাথেই মায়া সব হারায়,
নরম অনুভূতিগুলো বহুদূরের পথ ধরে।

ভালোবাসা আর ঘৃণা —
দুই-ই দেখি পাশাপাশি পড়ে রয়!
কেবল পার্থক্য একটাই —
ভালোবাসা যত সহজে পাল্টায় ঘৃণায়;
ঘৃণা থেকে ভালোবাসা তৈরি হতে
আদতে ঠিক ততোটাই দেরি হয়!

সূর্যকন্যার আত্ননাদ

ফজলে রাব্বানি রাফি

যে সীমান্তে একদিন উন্নত শিখার আড়ালে
বালসে ছিল রক্তমাখা মাজল,
আজ সেখানেই দেখি বিষণ্ণতার কাল মেঘের আনাগোনা ।
স্মৃতি সৌধের স্মৃতির আড়ালে গুমরে কেঁদেছি কত প্রহর
তবু উষা লগ্নের কষাঘাতে সত্য হয়নি জানা ।
সূর্য ছুঁতে গিয়ে যারা অসূর্যম্পশ্যা হলো
তাদের অমর আখ্যান ছুঁয়ে শপথ নিয়েছি বারবার
মুক্তির স্বাদ আশ্বাদনে হিংস্র হয়েছি, গর্জে উঠেছি
আবদ্ধ-আহত-অন্ধ ব্যাঘ্রের ন্যায়!

তবু,
মাটির কাছে আজ আমরা কত অপরাধী!

যে কণ্ঠের বজ্রাঘাতে কেঁপেছিল অনড়তার ভীত
জগদল পাথর ।
আজ সে তুচ্ছ ভীকু ভিখারির মত গোঙাতে চায় ।
বেয়নেটের তীক্ষ্ণ খোঁচায় ওষ্ঠাগত প্রাণ ভুলে নিশান সঁপে নি যে হাতে
মুক্তির মলিন এপিটাফে সে আজ ক্লাস্তির পরশ বুলায়
সহস্র যোদ্ধার রক্ত ঝরিয়ে লেখা ইতিহাস বদলে গেছে
বদলেনি ক্ষুধার্তের আত্নসুর
একই নাদে সে আজও বেজে ওঠে ...

গগন বিদারী চিৎকার শুনি লগন বিদায়ী পথে
আজও স্বাধীনতা মুক্তি লভে নিবদ্ধ কারার হতে!

মেঘের দেশে ১ ও ২

ওয়াহেদ মাহমুদ

০১.

একটা গন্তব্যবিহীন রিকশা দরকার,
উড়াল পঞ্জির মত বাতাসের বেগে
মেঘকে স্পর্শ করে শৌঁ শৌঁ শব্দে চলে যাবে।
বাজপাখির মুখে টিফিন কেরিয়ার বুলতে থাকবে,
হাত বাড়ালেই ক্ষুধার্ত পেটে খাদ্য পাব খুব সহজে
বেজার মুখের কাছে পাতাঘেরা রক্তজবা রাখলেই
ধন্যবাদের বইয়ের পৃষ্ঠা শেষ হতে চাবে না কখনই।

মেঘের আড়াল থেকে গাছের ডালকে দেখে মনে হবে
স্রষ্টার আঁকা সরু একটা রেখা —
তার অসংখ্য দাগের মাঝে নিম্নচাপের অশ্রু সনাক্ত।
জমির উপর পাতা ঘেরা অসংখ্য গাছের মাথা,
সে অসংখ্য ছাতার মত ঘর ছেয়ে আছে পৃথিবী।
পাতারা তারই মাঝে বসে এক সাথে জড় হয়ে
আমারই কবিতা পাঠের আসর জমাতে চায় আনন্দের।

তাদের এই কবিতা উৎসবের দাওয়াত আসবে,
আসবে মেঘেদের পোষ্ট অফিসে, আমিও পাবো।
বিনয়ের সাথে পুনরায় পাঠাব আবেগ মিশ্রিত চিঠি।
আমার পোষ্টকার্ডটি হবে গাছের বাকল,
পোড়া কাঠের চারকোলে লিখে দিব নতুন প্রেমের কবিতা,
তারা আবারও আবেগে ভেসে আমাকে দিবে বেলি গাছের বীজ,
রিকশার পেছনে টব রেখে বুনবো নতুন একটি গাছ।

বছর পেরলেই মালা গেঁথে ছুঁড়ে ফেলবো পৃথিবীতে —
এই গন্তব্যবিহীন রিকশা আমার খুবই দরকার।
মেঘ পেরিয়ে ডুবসাঁতারুর মত নিমেষে, হিমেল বাতাসে
জন্মধরার বুকে নেমে এসে রাস্তা খুঁজে পাবো।
চারদিকের প্রকৃতি ও দর্শন, পুরানো স্মৃতি মুছে
নতুন এক রাজ্যের, রাজার সাথে বোর্ড মিটিং বসাবো।
আমি মূল্যবান অতিথি হয়ে, বসে ক্যাপাচিনো খাবো।

অসংখ্য হাত উপর থেকে নিচে নেমে আসবে,
নিজ নিজ চোখ মুছে আনন্দের হাসি হাসবে,
অপেক্ষায় থাকবে গাছেদের পাশে দাঁড়িয়ে আমারই জন্য ।
বুকে তাদের শান্তি ফুরিয়ে গিয়েছিলো —
মলিন মুখে হাসি ফিরে এসেছে তাই নতুন সাহসে
বুকে টেনে নিয়ে আবেগে আমাকে ভালোবাসার কথা বলবে ।
আমারই কাছ থেকে আনন্দ-শান্তি-নিশ্বাস গ্রহণ করবে নীরবে ।

০২.

একটা গন্তব্যবিহীন রিকশা আমার খুবই দরকার
অসংখ্য মানুষের ভিড়ে সেই রোদেলা দুপুরে
বিষাদের চোখে কল্পিত আশা নিয়ে হাতটি ধরে রিকশায় উঠাবো ।
এর পর তোমায় নিয়ে যাবো আমারই দেশে, মেঘের ওই উপকেশে
তুমি সেই মেঘের কোলে বসে চকলেট আইসক্রিম খেতে চাবে
আমি মেঘেরই বুক থেকে হিম কুলফি এনে দিবো, তাতে —
ভালবাসার চুম্বন দিবো আগে, তুমি তোমার ঠোঁটের কাছে এনে
জিহ্বায় মধুর স্পর্শ মেখে দিয়ে, তাকিয়ে দিবে হেসে —
আমি লাফিয়ে এক মেঘ হতে অপর মেঘে পড়ে যাবো ভেসে ।
আচমকায় বোমার ধসে মেঘের ধোঁয়ায় দেখবে
পৃথিবীর মানুষ অবাধ ধূসর চোখে ।

দূর মেঘের গল্পে মেতে উঠবে, কত কি না দেখবে ।
আমি মেঘের ঘোড়ায় দৌড়ে এসে আমারই বেলি গাছের
ফুলের মালা পরিয়ে দিবো তোমায়, অনুরোধের কৃপণতা ছেড়ে
অবাধে বলবো এই গাছটি তোমার, বিনিময়ে চাই না কিছু আর,
আকাঙ্ক্ষা নয় আমার স্বপ্ন দিলাম সবটুকু,
আমায় নতুন ধানের বীজ দাও,
আমি আমাদের সংসারের কৃষক হবো, হবো তোমার ।
জমিতে আদরে ফলাবো শিশু-ধান, নামে তোর ও আমার ।

তারা বড় হবে আমাদের ছেড়ে অগণিত ফসল দিবে
সকলের ঘরে । আমি তোরই থাকবো এই গন্ধে ভরা ফুল
বেলি গাছের শক্ত ডালে — চাইলে কলাম দিয়ো,
আমি গর্জে উঠতে পারি আবারো ।
সত্যি আমার গন্তব্যবিহীন রিকশা না হলেই নয় ।

মার্ক্সবাদীয় জবানবন্দী

শামিমা রুম্পা

আমি, তুমি মিলে চলো
জোট বেঁধে তারাদের মৃত্যুদণ্ড ঘোষণা করি
ক্ষুদ্রতম সঙ্কে দেবার দায়ভারে ।
শহরের উষ্ণতম দিনগুলোকে ছুটি দেই চলো
খেয়ালীর মোড়ে, বাইপাসে হেঁটে পায়ে,
সিনেমায়, পোস্টারে ।
চলো পালন করি আজকের দীর্ঘতম বেসামরিক দিবস
তোমার কাচের মত সবুজ অশ্রু বিন্দুতে
ভেঙে যাবার গল্প ঐঁকে, চোখে, নখে
হাহাকারের মত সমুদ্রের ছোট্ট টুকরো রেখে ।
ভেবে দেখো, আজ কিছু মিছিল হয়ে যাবে
উদ্দেশ্যহীন ছেঁড়া মেঘে, চায়ের কাপে, পোড়া ঠোঁটে ।
মেঘেরা যতবার অভিমানে যাবে ছিঁড়ে,
ততবার করে আমাদের জন্যে আকাশ লিখবো,
গল্প ফাঁদবো ভুল বইয়ের প্রচ্ছদে,
বইমেলায়, ভীড়ে ।
আমাদের মার্ক্সবাদীয় রাতের ওপাশে
শামুকেরা হেঁটে বেড়াবে
ভোররাত খোদাই করা সামুদ্রিক দিনে ।
দুই জোড়া চোখের জবান বন্দী হবে আজ
অঘোষিত রণাঙ্গনে ।

এসকেপিস্ট

মাজিদ তোহান

ঠিক বলেছেন।

খাঁ-খাঁ রোদের মাঝে কখনো তপ্ত বালুতে হাঁটিনি।

ভরা-বর্ষায় হাঁটু সমান প্যাঁচপ্যাঁচে কাদায় নামিনি কখনো।

কনকনে ঠাণ্ডায় কাকভোরে ছেঁড়া কাপড়ে কাজ খুঁজতে বেরোইনি,

ভেজানো চিড়ে দিয়ে আধপেটা ডিনার করে ঘুমুতে যাইনি কখনো।

সবকিছু তৈরি, গোছানো-সাজানো, প্রয়োজনমত

পেয়েছি সব। অভাব শব্দটি পেয়েছি বইয়ের পাতায়

আর বিখ্যাত চিত্রগ্রাহক-আঁকিয়েদের শিল্পকর্মে,

বলতে গেলে অস্পৃশ্য সর্বদা সকল প্রতিকূলতা থেকে।

যখন ধসে পড়ে দালানকোঠা, পুড়ে থাক হয়

যানবাহন, হাহাকার শব্দটি হয়ে ওঠে

জাতীয় শব্দ; কোন কিছুর আঁচ লাগে না

আমার গায়ে, আমি বন্দী আমার নিজস্ব ভুবনে।

দন্ধ হোক, ভস্ম হোক, নরক হোক আমার

তাতে কোন মাথাব্যথা নেই, মাথা যার

ব্যথা তার হোক, ধড় থেকে দ্বিখণ্ডিত হোক।

আমি ভাই মহাধূর্ত, দুই হাত দিয়ে

ঠাস করে পিষে মারার সময়,

ঠিক মাছির মত ফুড়ুৎ করে বেরিয়ে যেতে জানি,

কিছুটি হবে না আমার, আমি টিকে থাকতে জানি।

জীবনে সংগ্রাম করিনি, কষ্ট দেখিনি, যন্ত্রণা ভোগ করিনি।

আমি এসকেপিস্ট। যা ইচ্ছা বলুন না। প্রতিবাদ করেছি?

প্রতিবাদ করতে শিখলে তো করব, চামড়াটা গণ্ডারের

কানটা লোহার, মনের সুখে মিটিয়ে নিন ঝালতো!

তবে এটা জানেন তো, এদেশে বাস করতে হলে

যন্ত্রণা, বেদনা, জীবনের ঝাঁকি এসবকে প্রতিদিন পকেটে নিয়ে

বের হতে হয়! নিত্যসঙ্গী করে দিনযাপন করতে হয়,

সঙ্গিনীর হাতে এক হাত রাখলে

অপর হাত এদেরকে প্রতিরোধ করার জন্য বরাদ্দ রাখতে হয়!

স্বীকার করছি, শুরুতে যা যা বললেন ওই ধরনের
পরিশ্রম বা সংগ্রামের ধারে কাছের পথ
মাড়াইনি কখনো, তবে মাঝে মাঝে মনে
হয়, ওগুলোর তুলনায় আমার সংগ্রাম
কম কিসে? ওটা জীবনসংগ্রাম, আমারটা
মৃত্যুর সঙ্গে সরাসরি সংগ্রাম। জীবনসংগ্রামে তো অন্তত
মৃত্যু ভয়কে প্রতি মুহূর্তে বুকপকেটে নিয়ে ঘুরতে হয় না।

অপলাপ

কৌম্ভুভ ইসলাম শ্রেয়া

পাহাড়ের গায়ে লেগে
ফিরে আসা কথার মত
ফিরে চেয়েছি তোমাকে

তোমাকে ফেলতে চেয়েছি
প্রকৃতির সকল নিয়মে

আমার হাতে নাটাই দেখে ভেবেছো
তোমায় ঘুড়ি বানিয়ে খেলেছি চিরটা কাল...

তোমাকে ছেড়ে দেই খোলা আকাশে
আর মনে জানি
কোথায় আর যাবে...

যেদিন খেলা ভেবে চলে যেতে চেয়েছো,
আর দেখেছো কোন সুতোই
ধরে নেই আর;
তুমি ভেবেছো বৃথাই অদৃশ্য এক সুতোর টান
অনুভব করেছো এতদিন

সে সুতো নিজ হাতে বুনেছিলে
ভুলে যাবে।

ভুলে যাও।
আজও ছেড়ে দিলাম খোলা আকাশে

এখন,
প্রিয় জামার প্রথম দিনের
রংটা ফিরে পাবার মত করে
ফিরে চাই তোমায়।

অপ্রকাশিত প্রেমপত্র (বদলেয়ারের প্রতি)

শিমুল আকন্দ

কী শেখাতে পারে তোমায় চারুকলার সুদর্শন শিক্ষক?
কিংবা কলাভবনের কাঠপাঠ্যক্রমে কী পাবে জীবনে?
তার চেয়ে চল আমার সাথে স্পটলাইট ওভারটেক করে।
কুমারী, তোমাকে আমি পূর্ণতা দিতে পারি।

তোমায় শেখাব ব্যবহারিকসহ আদি ও অকৃত্রিম কলা,
সহি ও নুরানি পদ্ধতিতে আধুনিক তপ্ত তৃপ্ত তামায় আশুন নিয়ে খেলা।
নবীনবরণে কেশপাশে দেব পুষ্পিত পুঞ্জিত কাশ,
পাশে পাশে বসা, নাকে নাকে ঘষা, কানে কড়া কামড়, চলবে ক্লাস।
পরের পাঠে গোলাপি গোল গালের পটভূমিতে পড়বে কলঙ্ক কালিমা,
ঠোঁটে জোয়ারের জল অর্ধতরলে তরল চুমুর চুমুক,
তারপর সর্বনাশী সঙ্গম সঙ্গীতের সুর শোনাব তোমায়
সালোয়ার আর শাওয়ারের শত্রুতা দেখাব একে একে
পরিখা পেরিয়ে ব্রেসিয়ারের দুর্ভেদ্য দুর্গ আমার হাতে হবে পতন
তরমুজ কুঁজে পাবে কষ্ট পাওয়া স্বর্গসুখ
উন্মুক্ত উত্তেজিত উরুতে বসে যাবে আমার ফিংগার প্রিন্ট
চেনাব নেংটির নিচে বনানী বেষ্টিত অনাবিষ্কৃত ব-দ্বীপের ন্যাপকিনে মোড়া খাঁড়ি
শেষ বর্ষে রঙিন রক্তে আর শীত্কারে অমরতা পাবে তোমার অমরা
কুমারীত্বের সতীদাহ করে তোমায় দেব মাটির মাতৃহৃৎ
কিশোরী, তোমায় আমি পূর্ণ করবো
এবং নিজেও হব পরিপূর্ণভাবে পূর্ণ।

কবিতা

সারওয়াত সামিন

বহুকাল হল

তোমায় জড়িয়ে ধরে চুমু খাওয়া হয়নি।

তুমি চলে গিয়েছিলে

তোমার পায়ের নিচে জমে থাকা

উষ্ণ উষ্ণ স্বপ্ন পাড়া দিয়ে।

আমিতো এখানেই আছি

কাদামাটি চোখে মাখিয়ে

তোমার পথের দিকে তাকিয়ে।

শরীরটি আমার

কোন্ডস্টোরেজের চার দেয়ালে বন্দি।

আমিও যাই মাঝে মাঝে

মরে যাওয়া দেহটিকে

অবহেলিত রোগীর মত করে দেখে আসতে।

একটি বারের জন্যও শব্দ আসেনি

শান্তির উত্তাপটি ঝুঁড়িতে নিয়ে।

যদিও আমি তার নিঃশ্বাস অভাবি

হৃৎপিণ্ড দেখেছিলাম

দেখেছিলাম তার

আগুনে জ্বলে যাওয়া মুখ

আর দেখেছিলাম

তার কান্নার মাঝে ধিক্কোরের

বাজতে থাকা ঢোল।

তাদের কি দোষ ছিল বল?

তারাও তো মরতে চেয়েছিল

আমার মস্তিষ্কের মাঝে

কোন শব্দবিলাসী সঙ্ক্যায়।

তার চোখের মাঝে

কিছু অভাব যুক্ত শিকড়

আঁচড় দিয়ে যায়

বারে বারে

আমার আত্মার সব

হাড্ডির উপরে।

তার পোড়া মাংসের গন্ধ

মিলে আছে আমাদের
বিবেকের পচে যাওয়া
ঘামের সাথে ।
ঘোলাটে করে চলে যে
ক্রমশ আমাদের ফুরিয়ে যাওয়া
স্বস্তির নিঃশ্বাস ।

একবারও কি তার কান্না গলায় আটকায়নি আমাদের?
একবারও কি পুড়ে যায়নি আমরা তার দাউ দাউ করে জ্বলতে থাকা দেহ দেখে?

তাও তো নির্দিধায় চলি
তার কান্নায় ঘুঙুর পরিয়ে
মদের বোতল গিলতে গিলতে ।
জীবন তার অশ্লীল বক্ষ নিয়ে
মৃত্যুর সাথে পরকীয়া
করেই যাচ্ছে ।
আর আমরা চুষে চলি
অবুঝ সব লিঙ্গ
যা ভাসিয়ে আনে
শান্তির মরীচিকা
ক্ষণস্থায়ী কোন খোলসে ।
বাস করে যা
নতুন কাগজের গন্ধের মাঝে ।

কবিতা
তুমি কেন হারিয়ে যাও
তার কোঁকড়ানো প্রাচীন চুলের গোঁড়ায়?
আর আমি হাতড়ে খুঁজে বেড়াই
কোন অন্ধ শহরে
তার মৃতদেহের গন্ধের
পিছু হারিয়ে হারিয়ে ।

হরতাল শুধু হরতাল!
তার শুষ্ক নিঃশ্বাসে হরতাল ।

তার বলসানো গুঁঠনে হরতাল ।
তার হাসি-উপড়ানো ঠোঁটে হরতাল ।
আমার চিন্তায় হরতাল ।
আর তোমার নিজের সাথে নিজের হরতাল ।

তোমার কিইবা আছে বল?
ভেজালমুক্ত শান্তির বাষ্প ছাড়া ।
তবে কি তুমি
দিতে পারবে তাকে
নতুন স্পন্দনপূর্ণ যন্ত্র?
আর তার থেকে কি
কেড়ে নিবে
তার জ্বলন্ত অচল অতীত?
পারবে না তুমি ।
হে অচল পঙ্গু পাখি,
তাদের ফিরিয়ে আনতে পারবে না ।
কুরে কুরে খাবে তোমায় ।
শেষ নিঃশ্বাসের শেষ বিন্দুকণাও
পড়ে থাকবে তার দুটি পা ফাঁক করে
উৎপীড়িত কোন দশায় ।
বীরঙ্গনা হয়ে পুঁতে থাকবে
কোন নামহীন কবরে ।
আর আমি হায় হায় করে
হেসে যাবো
ভুলে যাবো তোমার শক্ত শিশ্ন
এতিম কোন আঁধারে ।

তাইতো বলি যেও না তুমি ।
মরে যাও শুধু আমারি মাঝে ।
আমি একটিবার
শুধু মুখ গুঁজে শুয়ে থাকি?
উদাম করে দেই
তোমার অশ্লীল সেই বক্ষ?

জানি থাকবে না তুমি ।
বাঁচার নতুন নেশা জেগেছে যে ।

হরতাল শুধু হরতাল!
এই গোলকধাঁধায় আছে শুধু হরতাল ।
আর কোন অভাবি দুপুরে
সাড়ে বার ঢোক অশান্তির সেই জল ।

অশান্তি! অশান্তি! ঘোর অশান্তি!

এ বেলায়

শুভ্র নীল

তবে তাই হোক এ-বেলায়,
বখাটে চাঁদ তোর বিছানায় ঘুম হয়ে যায়।
আড়ালে যতই করিস, কাজলে টানা ভারি পলকে।
নির্লজ্জ চাঁদ জ্বলে যায়, নাইট গার্ডের ঠোঁটের ফাঁকে।
জানিস তোর জানালায়, নিভে যাবে না আলো কখনই।
ডিমলাইটের সাথে, যে আজন্ম প্রেম তার।
এ আলোয় অবাক তারে, খুঁজে বেড়ায় আঁধার চাদরে।
অথই জোছনায়, থই ভেসে যায়, দুই কূল হয়।
মেঘের ভাঁজে ভাঁজে, ছেঁড়া তুলোর পাঁজর, নরম আর নরমের গভীরে।
নিঙড়ে খুঁজে পাই, খুঁজে পাই অলস হাতে হাতড়ে,
নদীর জোছনাবতী বাঁক।
বুকে জোয়ার আসে, দু কূলে থই থই জোছনা আর জলের অশান্তি।
নয়ন বাইয়া জল গড়ায়, মরমে মাঝি পাল ওড়ায়।
আহা তোমার নায়ের তলে জলের চূমা হয়।
জানি এ নাও আর ফিরব না, আর ফিরব না তীরে।
তবুও মাঝি নাও ভাসায়, বৈঠা বায়, কূল হারায়,
ডুইবা যায় ভালোবাসা ভালোবাসা থই থই দরিয়ায়।

রাতের ছায়া

অপু মেহেদী

হাওয়ার প্ররোচনায় ভবঘুরে দিন উড়ে গেলে থেকে যায় নাটকীয় রাত ।
আমাকে কেবলই ডেকে যায় হেঁয়ালি অন্ধকার ।

বেআব্রু নক্ষত্রের চোখে ঘুমসিগন্যাল ।
পড়ে থাকে ছায়াহীন শহর ।
তুমি বলো, রাত মাত্রই নীলগন্ধ রুমাল ।
যেখানে ফোঁটে হলুদ ফুল ।
ফুলের মধ্যে এক টুকরো আগুন ।
আগুনের ভেতর কিছু অযাচিত অন্ধকার...

আমি বলি, প্রতিটি রাত এক একটি রেললাইন ।
যার উপরে একটি ধূসর ট্রেন ।
ট্রেনের ভিতর একজন নিঃসঙ্গ যাত্রী ।
যাত্রীর চোখে পরাবাস্তব ঘুম...

ঘুম আর অন্ধকারে মিলিয়ে যায় রাতের ছায়া ।
আমি তখন বিষণ্ণ বিড়ালের চোখে খুঁজি সরাইখানার রাস্তা ।

কতিপয় হলুদ গোলাপ

নুরুন্ন নাহার সেতু

একটা ভীষণ গোপন ক্ষুধা
কিংবা একটা অবলীলা কামনার
আদৌ কোন নাম হয়?

একটা দ্বিধার নাম পতিগৃহ।
একটা বেদনার নাম বসন্ত।
একটা ব্যবধান একটা দূরের আঙুন।
একটা নিষিদ্ধের নাম উপেক্ষা।
একটা এলিজি কিংবা একটা
নক্ষত্রের আলো। একটা
জোনাকির কি কোন নাম হয়?

আমি তুমি আনন্দ কুসুম
কিংবা পিপীলিকা প্রেম,
সুখে আছি জেনেও পাঠিকার চোখে পানি।
আদৌ কোন নাম হয় একটা ক্যান্টিনের?

একটা সর্বাধুনিক গ্রীষ্মের শপথ!
শপথ তোমার অভিশাপের
একটা গণতান্ত্রিক কুরুক্ষেত্রেও
আমি নামহীন হব না।

ডাক

ইশতিয়াক কুশল

কাঁধে পাখি নিয়ে দাঁড়িয়ে আছি, দূর থেকে ভেসে আসছে
পুরনো জাহাজের শব্দ ।

নির্লিপ্ত মাস্তুলের পিঠে চড়ে ছেড়ে যাবো এই বন্দর এবার,
আর ফিরবো না ।

চোখ এখন ক্রমশ হয়ে যাচ্ছে শীতল, সবটুকু ভালোবাসা ঘনীভূত হতে হতে একসময়
ঝরে পড়বে ঠিক —

মোটা বাদামি পোশাকে আর হরিণের চামড়ায় গাঁথে নিয়েছি
পৃথিবীর মানচিত্র ।

ঘুমিয়ে ছিলাম বহুকাল; মনে আছে — শেষবার যখন ঘুমিয়ে পড়েছিলাম তখন
ছিল কোনো বিকেল; তারপর কানে আর কিছুই ঢুকলো না । না কোনো

ছন্দপতন, হট্টগোল, ঘাসের উপর তোমার পায়ের শব্দ!

বেজে চললো সিফনি — আমি ঘুমাচ্ছিলাম বেঘোরে, কারণ

জানি — শীত এসে পড়লেই শিকারি হয়ে আমাকে চলেই যেতে হবে একদিন । মাঝ
সমুদ্রের পরিষ্কার আকাশ;

তারাভরা রাত্রিকে

তীক্ষ্ণ হারপুনের আঘাতে করতে হবে খুন! চোখে চেপে বসেছে মৃত্যুর নেশা ।

পিছনে ফেলে এসেছি সব; তোমাকেও, আকাশ অনেক একা ।

হারাতে চাই না

খন্দকার মুহাম্মদ আলমগীর হোসেন

আমার আঙ্গিনায় ফোঁটা শিউলি মালা আমায় ফিরিয়ে দাও,
আমি অন্যের বসন্তের বাহারি চেরিতে নিজেকে হারাতে চাই না।
বৈকালী হৃদের স্বচ্ছ জলে আকুলতায় নিজেকে ভাসাতে চাই না,
আমার ঘোলাটে জলের পদ্মা, মেঘনা আমায় ফিরিয়ে দাও।

ওই ঐশ্বর্যের অহংকারে বলমল করা অট্টালিকা আমি চাই না,
আমার ছোট ওই কুঁড়েঘরে আমায় শান্তিতে ঘুমাতে দাও।
আমি পিচঢালা ঐ পথের অহংকারের সাম্রাজ্য চাই না,
আমার আঁকা-বাঁকা ঘাসে ঢাকা মেঠো পথ আমায় ফিরিয়ে দাও।

অর্থের পাহাড়ে বৃক্ষের সমারোহ দেখতে আমি চাই না,
আমার অচল পয়সা আমার কাছে ফিরিয়ে দাও।
ওই বাহারি নকশায় ভারি খাটে নিদ্রায় দেহ ঠেকাতে চাই না,
আমার বাংলা মায়ের শীতল পাটি আমায় ফিরিয়ে দাও।

আমি বিলেতের বিলাসী জীবন চাদরে নিজেকে ডুবাতে চাই না,
আমার গায়ে লেগে থাকা আমার দেশের মাটিতে থাকতে দাও।
আমি সাম্রাজ্যের বন্ধনে আরো নতুন কোন সাম্রাজ্য বাড়াতে চাই না,
আমার প্রিয়জনের কাছে থেকে হৃদয়ের বন্ধনে হৃদয় জড়াতে চাই।

রাতের রাণী

ফারজানা ইয়াসমিন তিথি

তোমাদের মিথ্যা সমাজের মিথ্যা স্বপ্ন,
তোমাদের সাজানো নগর সমাজের গোঙানো কান্না,
লাল নীল হাজার কষ্টের সাক্ষী আমি ।
তোমাদের বাহির থেকে টলমলে
পানির নিচে জমে থাকা কাল শেওলা,
আমার চোখ তোমাদের প্রতিচ্ছবি ছাড়া কিছুই না ।
প্রতিচ্ছবি তোমাদের লোভ-লালসা,
বন্যতা ও ত্রুরতা,
স্যুট, কোট, টাই, মুখোশের আড়ালে
সভ্য মানুষের ভনিতা ।
এই সব কিছুর সাক্ষী বহন করছে এই দেহ,
তোমাদের সীমাহীন চাহিদা
আমায় দ্রব্যে পরিণত করেছে ।
খেলতে খেলতে ভেঙ্গে গেলে, ফাটল ধরলে
ফেলে দিতে পার নির্দিধায়,
কিন্তু তবুও দাঁড়িয়ে আছি দুপায়
কারণ আমি যে রাণী
হোক না রাতের!
হাসলে!
পুতুলের রাণী হওয়া শুনে
আমিও হাসি,
যখন তোমাদের ছায়া পড়ে
আমার দেহের উপর আছড়ায় ।

আমি রাণী,
কারণ আমার ছোট তারকাটা
দেওয়া পৃথিবীতে আমিই রাণী,
আমি রাণী ততক্ষণ
যতক্ষণ তোমাদের খেলার প্রহর
গড়িয়ে চলে ।
আমি রাণী ততক্ষণ
যতক্ষণ আমার গঙ্গায়
তোমাদের গলা ভেজে জলে ।

আমি রাণী
কারণ তোমরা প্রজারা এ রাজ্যে
যে লুটতরাজ চালাও
তার আয়না আমি মেলে ধরি না
সভ্য সমাজে ।

চুমু

রাইসুল নয়ন

তুমি চুমু না দিলে বোধ করি এবারের নির্বাচন বানচাল হয়ে যাবে,
তিস্তার পানি বণ্টন চুক্তি ছেলেখেলা মনে হবে,
বিশ্ব ব্যাংকের সমস্ত টাকা ভোল্টেই পচে যাবে!
অক্ষরে অক্ষরে বিদ্রোহ, বিচার, হুমকি,
অনশন হবে প্রেসক্লাবের করিডোরে!

তুমি চুমু না দিলে অংকের শিক্ষক শতকিয়া ভুলে যাবে!
কারওয়ান বাজারের ব্যবসায়িরা পরিধি স্বল্পতায় সংসদ ভবনের মালিকানা চাইবে,
কোন চুদুর-বুদুর চলবে না!
নামী-দামি গাড়িতে আমদানি হবে — মিষ্টি কুমড়া, কচু, বেগুন, বোম্বাই
মরিচ, শসা, আনারস, বরবটি, ডিম!
পত্রিকাওয়ালারা ফুটপাথে ঠোঙার দোকান দেবে!
চালতার আচারে স্যাকারিন দেবার দরফন ফেঁসে যাবে দুর্নীতি দমন কমিশন!
জেল হাজতের সমস্ত কয়েদী পুলিশ হয়ে যাবে,
মহাশ্মশানের চিতায় চিতায় গোলযোগ।
সন্ধ্যা প্রদীপের আলো গ্রহণযোগ্যতা হারাবে!
বৃদ্ধের পেনশনের টাকা আটকে থাকবে ঘুষখোর অফিসারের স্বাক্ষরের অভাবে।

তুমি চুমু না দিলে বাংলাদেশ বেতার বন্ধ হয়ে যাবে,
টিভিতে চুমু বিষয়ক টক শো হবে মাথা মোটা তিন-চারজন নিয়ে!
আত্মপক্ষ সমর্থনে তুমি গণমাধ্যমে ভাষণ দেবে,
আলোচনায় বসতে চাইবে পড়ন্ত বিকেলে।
আমি তখন একদফা দাবি নিয়ে অনাহারি,
নেতা-নেত্রীর দ্বারে দ্বারে যোগ্য বিচার খুঁজি!
প্রাণ্ডির প্রত্যাশায় চোখে জল জমে,
যখন কোন নেতা সব শুনে বলে —
“ফাজলামো নাকি! এতদিনের সম্পর্ক, চুমু তো দিতেই হবে।
খরচের জন্য কিছু টাকা রেখে যান, আর একটা মানহানির মামলা করে দেন!
ওসি সাহেবকে বলে দিচ্ছি, যত দ্রুত সম্ভব প্রয়োজনীয় ব্যবস্থা নেবে!”

পয়সার অভাবে ন্যায্য বিচারটাও পাওয়া হয় না!
চুমুর নখি থানার টেবিলে পড়ে থাকে মরণাপন্ন বৃদ্ধের ধুলো জমা তালাকনামার মতো
কেয়ামতের অপেক্ষাতে।

চুমু দাও, নতুবা প্রেমিকের পদ থেকে সরে যাই,
দগুৱবিহীন প্রেমিক আমি হবো না!
এতটুকু লজ্জা অন্তত আছে।

তুমি চুমু না দিলে এ শহরের কোন মাতাল বাড়ি ফিরবে না,
মদের দাম বেড়ে যাবে প্রয়োজনীয় সরবরাহের অভাবে।

তুমি চুমু না দিলে হাইকোর্টের বারান্দায়, বটতলায়, রাস্তার মোড়ে, চায়ের
দোকানে, পতিতা পল্লীতে —

দালালেরা মামলা খুঁজে হয়রান হয়ে যাবে!

কোন বেরসিক অফিসার বেড়িবাঁধ থেকে থানা হাজতে নিয়ে আসবে চুম্বনরত স্কুল পলাতক
প্রেমিক-প্রেমিকাকে।

এদিকে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি তোমার চুমুর আক্ষেপে!

মূল্য নিয়ন্ত্রক কর্মকর্তারা সারা দিন শেষে সুখের আশে,

বাড়ি ফিরে প্রেয়সীকে কাছে টানতেই বোঝে, চুমুর বাজার গরম!

ব্যস! দুধের দাম বেড়ে যায়, প্রতি কেজি বেগুনের দাম বাড়ে কুড়ি টাকা হারে!

ভোগ্যপণ্য ভোক্তার নাগালের বাইরে চলে যায়।

তুমি চুমু দাওনা বলে —

টহল পুলিশ বরাদ্দ তেল বেঁচে তড়িঘড়ি করে ভাগ-বাটোয়ারা সেরে ফেলে।

চায়ের দামটা কি এক অদ্ভুত কারণে কনস্টেবল সাহেবকে দিতে বলে!

লাভ কি তাতে,

এদিকে দুধ, ওদিকে বেগুন, বাড়তেই থাকে, বাড়তেই থাকে!

তুমি চুমু দাওনা বলেই পারমানবিক অস্ত্র আধুনিকতার শীর্ষে!

ওরা তো বোঝেই না কতো ধ্বংস, কতো বিষ এক চুমুক চুম্বনে।

কতো বীর-পালোয়ান ঘটনার পরে আর আসেনি ঘর ছেড়ে!

তুমি চুমু দাওনা বলেই আমি সপ্ত আশ্চর্যের কিছু নই!

আমার কথা না হয় নাই ভাবলে!

গণ মানুষের কথা ভেবে, দেশের কথা ভেবে,

এসো সখী ভাসি বানভাসি চুম্বনে।

